



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং-১৪.৩২.০০০০.৮০০.৩৬.০৬৮.২২.৫০১

তারিখঃ ১৪ ফাল্গুন, ১৪২৮ বঃ
২৭ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ

বিষয়ঃ আইএসপি অপারেটর কর্তৃক যথাযথভাবে IP Log সংরক্ষণ করার বিষয়ে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বিটিআরসি হতে জারিকৃত আইএসপি লাইসেন্সিং গাইডলাইন এর স্মারক নং- ১৪.৩২.০০০০.০০৭.৫৫.১০১.১৫.৬১৩;
তারিখঃ ১৫-১২-২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাইবার নিরাপত্তা ও জাতীয় নিরাপত্তার রক্ষার্থে এবং মানসম্পন্ন ইন্টারনেট সেবা নিশ্চিত করতে আইএসপি গ্রাহকদের IP Log সংরক্ষণ করা অপরিহার্য। বিটিআরসি হতে ইস্যুকৃত Regulatory and Licensing Guideline for Internet Service Provider (ISP) গাইডলাইনের অনুচ্ছেদ-২৫.৪ মোতাবেক সকল আইএসপি অপারেটর কর্তৃক তাদের গ্রাহকদের ইন্টারনেট ব্যবহারের Log সংরক্ষণের বিধান নিম্নরূপঃ

“25.4 The licensee shall maintain its user’s history records, system failure records, SNMP traffic data and bandwidth utilization records of individual user as daily log for at least 03 (three) months. All these records shall be made available on request by the Commission or LEA. However, for any particular case, ISP will preserve specific record for 06 (six) months if requested by LEA/Commission.”

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু আইএসপি অপারেটর তাদের গ্রাহকদের বর্ণিত Log যথাযথভাবে সংরক্ষণ না করায় এ সংক্রান্ত তথ্যাদি বিটিআরসি ও আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর চাহিদা মোতাবেক যথাযথভাবে সরবরাহ করতে পারছে না। আইএসপি অপারেটরদের এ ধরনের কার্যক্রম আইএসপি গাইডলাইনের ব্যত্যয় এবং জাতীয় নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।

০৩। এমতাবস্থায়, বিটিআরসি ও আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর চাহিদার প্রেক্ষিতে সরবরাহের লক্ষ্যে সকল আইএসপি অপারেটরদের নিজ নিজ গ্রাহকদের ইন্টারনেট ব্যবহারের Log সংক্রান্ত তথ্যাদি Regulatory and Licensing Guideline for Internet Service Provider (ISP) গাইডলাইনের অনুচ্ছেদ-২৫.৪ এর নির্দেশনা মোতাবেক সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

Mahreen
29/02/22

(মাহরীন আহসান)

উপ-পরিচালক

ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস বিভাগ
ই-মেইলঃ mahreen@btrc.gov.bd

প্রাপকঃ

চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রোগ্রামার/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল ISP প্রতিষ্ঠান।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতির জন্যঃ

- (১) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (২) সচিব মহোদয়ের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) পরিচালক, এনফোর্সমেন্ট এন্ড ইমপেকশন, বিটিআরসি।
- (৫) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিটিআরসি (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- (৬) সভাপতি/ সাধারণ সম্পাদক, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি), বাড়ি-২, লেভেল- ৪, রোড-২৮, ব্লক-কে, বনানী, ঢাকা-১২১৩।
- (৭) অফিস কপি।